উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।

উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর এর জানুয়ারি/২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : তনিমা আফ্রাদ
প্রশাসক, উপজেলা পরিষদ
কালীগঞ্জ, গাজীপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।
সভার তারিখ : ১৩.০১.২০২৫ খ্রি., সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক' তে এবং অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা পরিষদের উন্নয়নে সকল নির্বাচিত জনপ্রতিনিধিগণকে এবং সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব কর্মক্ষেত্রে আন্তরিকতার সাথে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন এবং সরকারি নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য উপস্থিত জনপ্রতিনিধি ও দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।

অতঃপর, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয় এবং আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	বিভাগসমূহ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	০১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালীগঞ্জ, গাজীপুর সভাকে অবহিত করেন যে, প্রতি অর্থ বছরের ন্যায় ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাবদ ১ম ও ২য় কিস্তিতে (১৫,২৩,০০০ + ১৫,২৩,০০০) = ৩০,৪৬,০০০/- টাকা পাওয়া গেছে। উক্ত বরাদ্দ সম্ভাব্য ০৪ কিস্তি ধরে ২০২৪-২০২৫ অর্থবছরে মোট (১৫,২৩,০০০*৪) মোট = ৬০,৯২,০০০/- (ষাট লক্ষ বিরানব্বই হাজার) টাকা পাওয়া যেতে পারে এবং উক্ত অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলের উদ্বৃত্ত ছিলো ৫,৭৯,৪৬,৪৮৩.৯২ (পাঁচ কোটি উনআশি লক্ষ ছেচল্লিশ হাজার চারশত তিরাশি দশমিক নয় দুই) টাকা। ২০২৪-২৫ অর্থবছরে সর্বমোট = (৫,৭৯,৪৬,৪৮৩.৯২ + ৬০,৯২,০০০) = ৬,৪০,৩৮,৪৮৩.৯২ টাকা হতে প্রকল্প গ্রহনের নিমিত্তে অদ্য ১৩/০১/২০২৫ ইং তারিখে প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাছাইকৃত প্রকল্প সমূহ (পরিশিষ্ট-গ এ বর্ণিত) সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করেন।	সভায় আলোচনাক্রমে সর্বসম্মতিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহন করা হয়। সিদ্ধান্ত সমূহঃ ০১। পরিশিষ্ট-'গ'-তে বর্ণিত প্রকল্পসমূহ বিধিমোতাবেক দ্রুত বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পষিদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর।
		০২। তিনি সভায় আরও অবগত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় মোট ৭২ টি প্রকল্প গ্রহণ করা হয় তন্মধ্যে ০২ টি কাজ বর্তমানে চলমান (যার গড় অগ্রগতি ৯৭ শতাংশ), উক্ত চলমান প্রকল্প সমূহের মধ্যে (১) প্যাকেজ নং e-Tender/GAZ/KAL/2021-22/Dev/29 এর মধ্যে ০৪ টি কাজ ছিলো এবং যার মধ্যে ০১ টি অসমাপ্ত (বক্তারপুর ইউনিয়নে চৌড়া নয়াবাড়ি স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ)। উক্ত কাজের ঠিকাদার মেসার্স নাহিদ এন্টারপ্রাইজ, কালীগঞ্জ, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ১৫/১২/২০২১ ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ১৪/০৬/২০২২ ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ২০,৮১,৮২১.৪৫ টাকা। কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ০২/১২/২০২৪ ইং এবং উক্ত কাজের প্রথম সময় বর্ধনে তারিখ ৩০/০৬/২০২৩ ইং। ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান	০২। ২০২১-২০২২ অর্থবছরে ০১ নং এবং ০২ নং প্রকল্পের কাজটির পরিশোধিত বিলকে চূড়ান্ত বিল ধরে অসমাপ্তকৃত কাজটি বাতিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	

		১২,২০,৫০০ টাকা এবং অপরিশোধিত বিলে পরিমান ৮,৬১,৩২১.৪৫ টাকা। অসমাপ্তকৃত কাজটির সংশ্লিষ্ট বাউন্ডারী সংলগ্ন জমির মালিক ও স্কুলের কমিটি জায়গা বুঝিয়ে দিতে ব্যর্থ হওয়ায় উক্ত ঠিকাদার নির্ধারিত সময়ে কাজটি সমাপ্ত করতে পারেননি। উক্ত কাজটি বাতিল করা যেতে পারে। (২) প্যাকেজ নং e-Tender /GAZ /KAL /2021-22/Dev/67 (মোক্তারপুর ইউনিয়নে শিংলাবো মহিলা মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ) কাজটির ঠিকাদার মেসার্স এস. এস বিল্ডার্স, কাপাসিয়া, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ২৩/০৬/২০২২ ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ২২/১২/২০২২ ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ১১,৮৯,৩৬৬.৭৫ টাকা এবং কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ১৪/০২/২০২৩ ইং। কাজটির প্রথম সময় বর্ধনে তারিখ ৩০/০৬/২০২৩ইং এবং ২য় সময় বর্ধনের তারিখ ৩০/০৬/২০২৪ইং। ইতোমধ্যে কাজের পারফর্মেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধির রিকোয়েষ্ট দেওয়া হলেও ঠিকাদার তা এক্সেন্ট করেন নি ও উক্ত কাজের ফিনিসিং ওয়ার্কটি এখনও রয়েগেছে। উক্ত কাজের ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ৬,৭৪,২০০ টাকা এবং অপরিশোধিত বিলে পরিমান ৫,১৫,১৬৬.৭৫ টাকা। উক্ত কাজটি বাতিল করা যেতে পারে।		
		০৩। ২০২২-২০২৩ অর্থ বছরের আওতায় মোট ২৯ টি প্রকল্প গ্রহণ করা হয় তনমধ্যে ০১ টি কাজ বর্তমানে চলমান (যার গড় অগ্রগতী ০ শতাংশ)। প্যাকেজ নং e-Tender/GAZ/KAL/2022-23/Dev/19 (বক্তারপুর ইউনিয়নে কালীগঞ্জ হেডকোয়ার্টার হতে নাওয়ান বাজার (আরএইচডি) ভায়া বক্তারপুর বাজার ইউপি হেডকোয়ার্টার চেইনেজ ১+৯২৩-৬+৭৩৫ কি.মি প্রোটেকশন ওয়াল নির্মাণ) কাজটির ঠিকাদার মেসার্স আমজাদ ট্রেডার্স, কালীগঞ্জ, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ১৬/০৫/২০২৩ ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ১৫/০৭/২০২৩ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ২৬,০১,৬৬৩.৫০৬ টাকা এবং কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ১৪/০৫/২০২৬। কাজটির প্রথম সময় বর্ধনে তারিখ ১৫/০৪/২০২৪। উক্ত কাজের ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ০.০০ টাকা এবং অপরিশোধিত বিলে পরিমান ২৬,০১,৬৬৩.৫০৬ টাকা। উক্ত অসমাপ্তকৃত কাজটির সংশ্লিষ্ট পুকুরের মালিক জায়গা বুঝিয়ে দিতে ব্যর্থ হওয়ায় উক্ত ঠিকাদার নির্ধারিত সময়ে কাজটি সমাপ্ত করতে পারেননি।	০৩। ২০২২-২৩ অর্থবছরের প্রকল্প সমূহের মধ্যে যে চলমান প্রকল্পসমূহ রয়েছে তা অতিদ্রুত সামপ্তকরণের ব্যবস্থা গ্রহনে এবং অতি দ্রুত চূড়ান্ত বিল প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।	
		০৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/বার্ষিক উন্নয়ন কর্মসূচী/উপজেলা উন্নয়ন সহায়তা/ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে সর্বমোট ৯,৬৪,০৯,৮২৬ টাকা বরাদ্দ পাওয়া যায়, উক্ত অর্থ দ্বারা মোট ৪৭ টি প্রকল্প গ্রহণ করা হয়। তনমধ্যে ৪১ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ০৬ টি কাজ বর্তমানে চলমান (যার গড় অগ্রগতি ৯৭ শতাংশ)। উক্ত চলমান প্রকল্প সমূহের মধ্যে প্যাকেজ নং e-Tender/GAZ /KAL /2023-24/W-12 ((ক) বক্তারপুর ইউনিয়নে মাঝুখান জিপিএস সংযোগ সড়ক	০৪। ২০২৩-২০২৪ অর্থবছরে ০১ নং প্রকল্পের কাজটির পরিশোধিত বিলকে চূড়ান্ত বিল ধরে অসামপ্তকৃত কাজটি বাতিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং ০২ নং কাজটির সমাপ্তকৃত অপরিশোধিত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অসামাপ্তকৃত কাজটি বাতিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিতে গৃহীত হয়। উক্ত অসমাপ্তকৃত কাজটি পরবর্তীতে পিআইও অফিস থেকে কোটেশন পদ্ধতির মাধ্যমে সামাপ্তকরণের সিদ্ধান্ত	

		বিটুমিনাস কার্পেটিং দ্বারা চেইনেজ ০.০-৯৫ মি. রক্ষণাবেক্ষণ (খ) বক্তারপুর ইউনিয়নে বিটুমিনাস কার্পেটিং দ্বারা বক্তারপুর পাকা রাস্তা হতে সাতানি পাড়া জিপিএস রোড চেইনেজ ০.০-৭৭৫ মি. রক্ষণাবেক্ষণ (গ) বক্তারপুর ইউনিয়নে মজিবুর রহমান পলাশের বাড়ি থেকে বক্তারপুর ব্রীজ পর্যন্ত ১১০ মি. আরসিসি পাইপ ড্রেন নির্মাণ) কাজটির ঠিকাদার মেসার্স হাছান হোসেন এন্টারপ্রাইজ, কালীগঞ্জ, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ১৫/১১/২০২৩ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ১৩/০২/২০২৪ ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ১৯,৫০,০৩১.৩৬৩ টাকা উক্ত কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ১৪/১১/২০২৪। উক্ত কাজের প্রথম সময় বর্ধনে তারিখ ১৭/০৬/২০২৪ এবং ২য় সময় বর্ধনের তারিখ ১৪/১১/২০২৪। উক্ত প্যাকেজের ০৩ টি কজের মধ্যে ০১ টি কাজ বর্তমানে অসমাপ্ত (বক্তারপুর ইউনিয়নে মজিবুর রহমান পলাশের বাড়ি থেকে বক্তারপুর ব্রিজ পর্যন্ত ১১০ মি আরসিসি পাইপ ড্রেণ নির্মাণ) এবং ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ৯,৭৭,৪০০ টাকা এবং অপরিশোধিত বিলের পরিমান ৯৭২৬৩১.৩৬৩ টাকা। উক্ত অসমাপ্তকৃত কাজটির জমির মালিক প্রয়োজনীয় জায়গা দিতে রাজি না হওয়ায় উক্ত ঠিকাদার নির্ধারিত সময়ে কাজটি সমাপ্ত করতে পারননি। উক্ত কাজটি বাতিল করা যেতে পারে।(২) প্যাকেজ নং e-Tender/GAZ/KAL /2023-24/W-28 কাজটির ঠিকাদার মেসার্স হাছান হোসেন এন্টারপ্রাইজ, কালীগঞ্জ, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ২১/০৪/২০২৪ ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ২০/০৬/২০২৪ ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ১৮,৭৬,৫৪৫.৬ টাকা। কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ০৩/১০/২০২৪ইং। কাজটির প্রথম সময় বর্ধনে তারিখ ০৩/১০/২০২৪ইং। ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ৭,৮৭,৩০০ টাকা এবং অপরিশোধিত বিলের পরিমান ১০,৮৯,২৪৫.৬০ টাকা। কাজটিতে (রাজনগর বাজার হতে তুমলিয়া রেল গেইট পর্যন্ত ব্রিজের এপ্রোচ নির্মাণ) ব্রিজের দুইপাশে এইচবিবি রোড ধরা রয়েছে কিন্তু উক্ত স্থানে এইচবিবি করলে তা টেকশই হবে না তাই উক্ত স্থানে আরসিসি রোড করতে হবে। এমতাবস্থায় উক্ত কাজের সিদ্ধান্তের ভিত্তিতে কাজটি এই অবস্থায় ফাইনাল বিল প্রদান করে পরবর্তীতে কোনও প্রকল্প গ্রহন করে আরসিসি রোড করা যেতে পারে। (৩) প্যাকেজ নং e-Tender/ GAZ/KAL/2023-24/W-30 (ভূমি অফিসের বাউন্ডারী ওয়াল নির্মান অংশ০২) ঠিকাদার মেসার্স আনিকা এন্টারপ্রাইজ, গাজীপুর সদর, গাজীপুর। উক্ত কাজটির কাজ শুরুর তারিখ ০২/০৬/২০২৪ ইং এবং কাজ সমাপ্তির তারিখ ছিল ২৯/০৮/২০২৪ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ৩৬,৪৬,৩৭৯.৭০ টাকা। কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ২৮/০৫/২০২৮ইং এবং উক্ত কাজের প্রথম সময় বর্ধনে তারিখ ৩১/১২/২০২৪ইং। কাজটির ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ১৫,০০,০০০ টাকা এবং অপরিশোধিত বিলের পরিমান ২১,৪৬,৩৭৯.৭০ টাকা। উক্ত কাজটির বিলের	সর্বসম্মতিতে গৃহীত হয়।	

		আবেদন, সময় বৃদ্ধি স্বাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হবে। (৪) প্যাকেজ নং e-Tender/GAZ/ KAL/2023-24/W-22 (ক) মোক্তারপুর ইউনিয়নে বিটুমিনাস কার্পেটিং দ্বারা সাওরাইদ তারাগঞ্জ থেকে ডেমরা সুলতানের বাড়ির রাস্তা চেইনেজ ০.০-৪৭৭মি. উন্নয়ন (খ) মোক্তারপুর ইউনিয়নে বিটুমিনাস কার্পেটিং দ্বারা কাপাসিয়া-কালীগঞ্জ সড়ক থেকে মোক্তারপুর/রাথুরা ইউনিয়ন পরিষদ সড়কের রক্ষণাবেক্ষণ (গ) মোক্তারপুর ইউনিয়নে রাথুরা ইউনিয়ন পরিষদের স্লাভ ড্রেণ নির্মাণ (ঘ) মোক্তারপুর ইউনিয়নে আজমতপুর ইটাখোলা থেকে দোলন বাজার হয়ে রামচন্দ্রপুর বড়গাঁও রোড চেইনেজ ০.০-৬৯মি. উন্নয়ন) ঠিকাদার মেসার্স রিফাত এন্টারপ্রাইজ, গাজীপুর সদর, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ১৫/১১/২০২৩ ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ১৩/০২/২০২৪ ইং। কাজটির চুক্তিমূল্য ৩২,৭৮,৫৩৪.০০ টাকা এবং কাজটির পারফর্মেন্স সিকিউরিটি তারিখ ১৩/০৬/২০২৪। উক্ত কাজের প্রথম সময় বর্ধনে তারিখ ১৩/০৬/২০২৪ইং। কাজটির ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ১৬,৬৩,৯০০.০ টাকা এবং অপরিশোধিত বিলের পরিমান ১৬,১৪,৬৩৪/- টাকা। কাজটির বিলের আবেদন, পাফর্মেন্স সিকিউরিটির মেয়াদ বৃদ্ধি ও সময় বর্ধন স্বাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হবে। (৫) প্যাকেজ নং RFQ/Kal/GAZ/23-24/Dev/08 (বক্তারপুর ইউনিয়নের রাজনগর বাজার হতে বক্তারপুর বাজার পর্যন্ত সড়কে প্যালাসাইডিংকরণ) ঠিকাদার মেসার্স আমজাদ ট্রেডার্স, কালীগঞ্জ, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ২০/০৬/২০২৪ইং এবং কাজটি সমাপ্তির তারিখ ছিল ১৭/১২/২০২৪ ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ৪,৯৯,৯৩৭.০০ টাকা। কাজটির ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ০.০০ টাকা এবং অপরিশোধিত বিলের পরিমান ৪,৯৯,৯৩৭.০০ টাকা। কাজটির বিলের আবেদন সময় বৃদ্ধির স্বাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হবে। (৬) প্যাকেজ নং RFQ/Kal/GAZ/23-24/Dev /09 (গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন বাহাদুরসাদী ইউনিয়নে ঘূর্ণিঝড় রেমাল কর্তৃক জয়িতা ক্ষতিগ্রস্থ অংশ মেরামত) ঠিকাদার মেসার্স মোক্তার ট্রেডার্স, কালীগঞ্জ, গাজীপুর। কাজটি শুরুর তারিখ ছিল ২০/০৬/২০২৪ ইং এবং কাজ সমাপ্তির তারিখ ছিল ১৭/১২/২০২৪ ইং। উক্ত কাজটির চুক্তিমূল্য ৪,৯৯,৫২৫.০০ টাকা। কাজটির ইতোমধ্যে পরিশোধিত বিলের পরিমান ২,৮২,৩০০.০০ টাকা এবং অপরিশোধিত বিলের পরিমান ২,১৭,২২৫.০০ টাকা। উক্ত কাজটির বিলের আবেদন সময় বৃদ্ধির স্বাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।		
০২	উপজেলা স্বাস্থ্য অধিদপ্তর	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর জানান অন্যান্য মাসের ন্যায় গত মাসে হাসপাতালে আগত সাধারণ রোগী ও জরুরি রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। তিনি আরও জানান জন্ম ও মৃত্যু নিবন্ধনে কালীগঞ্জ উপজেলা গত মাসে ন্যায় ডিসেম্বর/২৪ মাসে প্রথম	উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

		স্থান অধিকার করেছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি হাসপাতালের মেইন গেট নির্মাণ ও সাইনবোর্ড তৈরি করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান জুলাই-আগস্ট/২৪ মাসে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত ব্যক্তিদের আলাদাভাবে চিকিৎসাসেবা প্রদানের জন্য চিকিৎসাসেবা কার্ড প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া HMP ভাইরাসের সংক্রমণ থেকে সকলকে সতর্ক থাকার জন্য পরামর্শ প্রদান করেন।		
০৩	উপজেলা কৃষি অধিদপ্তর	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের (উফশী জাত) সমলয় চাষাবাদের মাধ্যমে (Synchronize- Cultivation) এর ৫০ একর জমিতে ৩১/১২/২০২৪ খ্রি. হতে ০৬/০১/২০২৫ খ্রি. পর্যন্ত রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধানের চারা রোপন করা হয়। উক্ত চারা রোপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়। ২০২৪-২৫ অর্থবছরে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় ১০৯ টি প্রদর্শনী বাস্তবায়িত হয়। প্রতিজন কৃষককে ৩ মৌসুমের জন্য ২১ প্রকার শাক-সবজির বীজ, ভার্মি কম্পোষ্ট ও রাসায়নিক সার, বেড়া দেওয়ার নেট, পানি দেওয়ার ঝাজড়ি এবং ৬ প্রকার ফলের চারা কৃষকের মাঝে বিতরণ করা হয়। উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, গাজীপুর ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন তহবিলের আওতায় নিম্নোক্ত ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব উপস্থাপন করেন- (১) জাংগালীয়া ইউনিয়নের ভার্মি কম্পোষ্ট উৎপাদন প্রকল্প-প্রাক্কলিত মূল্য-২,০০,০০০/- (২) নাগরী ইউনিয়নে বিষমুক্ত নিরাপদ সবজি উৎপাদন প্রকল্প-প্রাক্কলিত মূল্য-২,০০,০০০/-	১। উপজেলা কৃষি বিভাগের মাঠ পর্যায়ের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। ২। নিম্নোক্ত প্রকল্প ২টি বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (১) জাংগালীয়া ইউনিয়নের ভার্মি কম্পোষ্ট উৎপাদন প্রকল্প-প্রাক্কলিত মূল্য-২,০০,০০০/- (২) নাগরী ইউনিয়নে বিষমুক্ত নিরাপদ সবজি উৎপাদন প্রকল্প-প্রাক্কলিত মূল্য-২,০০,০০০/-	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর। ৩। উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০৪	উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর	উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিসম্পদ বিভাগের সম্প্রসারণ কার্যক্রম, কৃত্রিম প্রজনন ও চিকিৎসা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পশু খাদ্যে ভেজাল প্রতিরোধে ফিড মিল নিয়মিত পরিদর্শন, খাদ্য নমুনা পরীক্ষর জন্য গবেষণাগারে প্রেরণ করা হচ্ছে। প্রতিনিয়ত পোল্ট্রি খামার, ডেইরী ও বীফ ফ্যাটেনিং খামার পরিদর্শন করা হচ্ছে। খাদ্য বিক্রেতা ও খামারীদেরকে ভেজাল খাদ্য বিক্রি এবং ভেজাল খাদ্য না খাওয়ার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। পোল্ট্রি ফিড ও ক্যাটেল ফিডে স্টেররয়েড ব্যবহার না করার জন্য খাদ্য বিক্রেতা ও খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। ক্ষুরারোগ ও লাম্পিস্কিন ডিজিজ নিয়ন্ত্রণে উঠান বৈঠক ও লিফলেট বিতরণের মাধ্যমে সচেতন করা হচ্ছে। কালীগঞ্জ উপজেলার মাংস বিক্রেতাদের পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ বিধিমালা ২০২১ এর আওতায় নিবন্ধনের আওতায় আনার কার্যক্রম চলমান আছে। কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের ১৮টি পিজির ৬৩৫ জন সদস্যদের নিয়ে গঠিত প্রাণিসম্পদ কৃষক মাঠ স্কুল কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ঈশ্বরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২১০ শিক্ষার্থীর মাঝে মিল্ক ফিডিং	উপজেলা প্রাণি সম্পদ বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

		কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বিভিন্ন এলাকায় ক্ষুরারোগের এবং এল.এস.ডি রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় রোগ নিয়ন্ত্রনে টিকা প্রদান কার্যক্রম জোরদার করা হয়েছে। ঘাস চাষ কার্যক্রমও জোরদার করা হয়েছে। তাছাড়া আশ্রয়ণ প্রকল্পে প্রাণিসম্পদ সম্প্রসারণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিভিন্ন ধরনের খামার ও পশুখাদ্য বিক্রেতাদের নিবন্ধনের বিষয়ে বাধ্যবাধকতা থাকলেও এ ব্যাপারে যথেষ্ট সাড়া মিলছে না। এ ব্যাপারে ইউনিয়ন পরিষদসহ উপজেলা পরিষদের সর্বাত্মক সহোযোগিতা প্রয়োজন। প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশ ফেরত জনগণ পশু পালন সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের নিমিত্ত আবেদন জমা দিচ্ছে। দাপ্তরিক অর্থ বরাদ্দ না থাকায় তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না। তাই উপজেলা পরিষদ হতে প্রাণিসম্পদ দপ্তরকে অর্থ বরাদ্দ প্রদান করা প্রয়োজন। ডিসেম্বর/২০২৪ইং মাসের সম্প্রসারণ কার্যক্রমের বিবরণঃ (১) গবাদী পশুর চিকিৎসা প্রদান----৪৬২০ টি (২) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান--১১০৮৭৪ টি (৩) গবাদী পশুর প্রতিষেধক টিকা দান-০ মাত্রা (৪) হাঁসমুরগী প্রতিষেধক টিকা দান----------১০০০০০ মাত্রা রাজস্ব আদায়ঃ (ক) টিকা বিক্রি বাবদ------৩১০০০/= টাকা (খ) কৃত্রিম প্রজনন ফি বাবদ--৪৭৬২৫/=টাকা (গ) খামার রেজিষ্ট্রেশন ফি----২০০০০/=টাকা গবাদী পশুর এনথ্রাক্স, এফ.এম.ডি ও বি. কিউ এবং ছাগল ভেড়ার পি.পি আর রোগের প্রতিষেধক টিকা প্রদান করা হচ্ছে। মুরগীর রানীক্ষেত, গামবোরো, ফাউল পক্স, ও হাঁসের প্লেগ ও ডাক কলেরা রোগের টিকা প্রদান করা হচ্ছে।		
০৫	উপজেলা মৎস্য অধিদপ্তর	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, রাজস্ব বাজেটের আওতায় বিল নার্সারী স্থাপনের লক্ষ্যে জলাশয় নির্বাচন করা হয়েছে, জাটকা সংরক্ষণ অভিযান চলমান রয়েছে। বিভিন্ন বাজার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। বিভিন্ন মৎস্য চাষীর পুকুর ও খামার নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	উপজেলা মৎস্য বিভাগের অধীন সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
০৬	উপজেলা রিসোর্স সেন্টার	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন ও বিদ্যালয় মোবাইল পরিদর্শন চলমান আছে। পরিমার্জিত ডিপিএড (বিটিপিটি) প্রশিক্ষণার্থী শিক্ষকগণের ইন্টার্ণশিপ বিদ্যালয়ের কার্যক্রম সম্পন্নের জন্য প্রস্তুতিমূলক সভার আয়োজন, চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ সহায়িকা (লিফলেট) চূড়ান্তকরণ সভা আয়োজন ও বাস্তবায়ন, চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ সহায়িকা (লিফলেট) প্রণয়ন করা ইত্যাদি কার্যাবলী এবং প্রধান শিক্ষকগণের লিডারশিপ বিষয়ক প্রশিক্ষণের ১ম ব্যাচে ২৫ জন শিক্ষকের প্রশিক্ষণ চলমান রয়েছে।	উপজেলা রিসোর্স সেন্টার এর সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালীগঞ্জ, গাজীপুর।

০৭	উপজেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মাঠ পর্যায়ের কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হয়। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে উপস্থিত থেকে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
০৮	উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	১। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের মাঝে নতুন বছরর বই বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ২। উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন তহবিলের আওতায় নিম্নোক্ত ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব উপস্থাপন করেন- (১) বক্তারপুর ইউনিয়নের স্বপন মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিবাবকদের জন্য কক্ষ নির্মাণ-প্রাক্কলিত মূল্য- ৫,০০,০০০/- (২) মোক্তারপুর ইউনিয়নের একুতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকদের জন্য কক্ষ নির্মাণ- ৫,০০,০০০/- (৩) শিশুমেলা আইডিয়াল একাডেমী স্কুল মেরামত-প্রাক্কলিত মূল্য- ২,০০,০০০/-	১। উপজেলা শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। ২ নিম্নোক্ত প্রকল্প ৩টি বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (১) বক্তারপুর ইউনিয়নের স্বপন মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিবাবকদের জন্য কক্ষ নির্মাণ- প্রাক্কলিত মূল্য- ৫,০০,০০০/- (২) মোক্তারপুর ইউনিয়নের একুতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকদের জন্য কক্ষ নির্মাণ- ৫,০০,০০০/- (৩) শিশুমেলা আইডিয়াল একাডেমী স্কুল মেরামত-প্রাক্কলিত মূল্য- ২,০০,০০০/-	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর। ৩। উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০৯	উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৩ ও ১৪ জানুয়ারি-২০২৫ তারিখে ৪৬তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ-২০২৫ উদযাপন করা হবে। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করবেন। তিনি আরও জানান শিক্ষার্থীদের মাদ্রাসা পর্যায়ে এবতেদায়ী থেকে দাখিল, মাধ্যমিক পর্যায়ে ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত বই গ্রহণ ও বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। ৫৩তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতা ২০২৫ এর কার্যক্রম চলমান আছে। ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন তহবিলের আওতায় নিম্নোক্ত ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব উপস্থাপন করেন- (১) জামালপুর ইউনিয়নে ভিবিন্ন বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ- প্রাক্কলিত মূল্য- ২,০০,০০০/- মোক্তারপুর ইউনিয়নে ভিবিন্ন বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ- ২,০০,০০০/-	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ মানসম্মত শিক্ষা ও প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। ২। নিম্নোক্ত প্রকল্প ২টি বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (১) জামালপুর ইউনিয়নে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ- প্রাক্কলিত মূল্য- ২,০০,০০০/- (২) মোক্তারপুর ইউনিয়নে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ- ২,০০,০০০/-	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর। ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর
১০	উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, বাংলাদেশের চতুর্থ অর্থনৈতিক শুমারি গত ১০ ডিসেম্বর ২০২৪ থেকে শুরু হয়ে ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখে শেষ হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	পরিসংখ্যান বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১১	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তারা মূলত স্যানিটেশন ও পানি নিয়ে কাজ করেন। তিনি জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন তহবিলের আওতায় নিম্নোক্ত ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব উপস্থাপন করেন- (১) বাহাদুরসাদি ইউনিয়নের খলাপাড়া দারুল উলুম দাখিল মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ-১০,০০,০০০/- (২) তুমলিয়া ইউনিয়নের সোম-মোজাদ্দেদিয়া দাখিল মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ-১০,০০,০০০/-	উপজেলা জনস্বাস্থ্য বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ২। নিম্নোক্ত প্রকল্প ২টি বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (১) বাহাদুরসাদি ইউনিয়নের খলাপাড়া দারুল উলুম দাখিল মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ-১০,০০,০০০/- (২) তুমলিয়া ইউনিয়নের সোম-	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর। ৩। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কালীগঞ্জ, গাজীপুর।

			মোজাদ্দেদিয়া দাখিল মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ-১০,০০,০০০/-	
১২	উপজেলা সমাজসেবা অধিদপ্তর	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বয়স্ক, বিধবা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর, বেদে ভাতা ও অনগ্রসর শিক্ষা ও বেদে শিক্ষা উপবৃত্তি মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২য় কিস্তির ভাতা বিতরণের নিমিত্ত প্রেরণ করা হয়েছে এবং ৩য় কিস্তির ভাতা বিতরণের নিমিত্তে মৃত ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপিত ব্যক্তির তথ্য হালনাগাদ করা হচ্ছে। ক্যান্সার, কিডনী, লিভারসিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগ রোগীদের ১৫ টি আবেদনপত্র জমা পড়েছে। যা জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর প্রেরণ করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড প্রাপ্তির জন্য ১৮ টি আবেদনপত্র জমা পড়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের সুবর্ণ নাগরিক কার্ড প্রস্তুত করে বিতরণ হয়েছে।	উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় ভাতা বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজ সেবা অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
১৩	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ ভিডিউবি চক্রের আবেদন অনলাইনে শুরু হবে জানুয়ারি/২৫ মাসে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি মাসে প্রতি ইউনিয়নে ৫ জন করে এবং পৌরসভায় প্রতিমাসে প্রতি ওয়ার্ডে ১ জন করে মোট ৯ জন উপকারভোগী নির্বাচনের কাজ চলমান। দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	উপজেলা মহিলা বিষয়ক বিভাগের অধীন ভি ডব্লিউ বি, মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর
১৪	উপজেলা সমবায় অধিদপ্তর	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলাধীন ০১ টি কেন্দ্রীয় সমবায় সমিতিসহ ২১৯টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। ১৪৫টি কার্যকর ও ৭৪টি অকার্যকর সমবায় সমিতি। ২০২৩-২০২৪ খ্রি. সনে ১১১টি কার্যকর সমিতি ও ১টি কেন্দ্রীয় সমিতিসহ মোট ১১২টি সমিতির মধ্যে ডিসেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত ৬০% সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয়েছে। সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে রয়েছে সহজ শর্তে ঋণ, সদস্যদের আবাসনের সমস্যা দূরীকরণে আবাসন প্রকল্প, আর্থিক সমস্যা দূরীকরণে মার্কেট/দোকান স্থাপন, মৎস্য চাষ, ক্ষুদ্র ব্যবসা পরিচালনা, হস্তশিল্পজাত পণ্য তৈরী, ডেইরী ফার্ম প্রকল্প ইত্যাদি। অত্র উপজেলায় নিবন্ধিত সমবায় সমিতির মাধ্যমে প্রায় ৫২০ জন পুরুষ ও মহিলার চাকুরীর মাধ্যমে কর্মসংস্থান হয়েছে এবং সমিতিগুলো থেকে ঋণ নিয়ে প্রায় ৬৫,৫২০ জন পুরুষ ও মহিলার স্বকর্মসংস্থানের সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা দূর হয়েছে। ডিসেম্বর/২০২৪ পর্যন্ত ২০ জন সমবায়ীকে আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, নরসিংদীতে ও কোটবাড়ী কুমিল্লায় প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে এবং ২টি ভ্রাম্যমান প্রশিক্ষণে ৫০ জন পুরুষ ও মহিলাকে প্রশিক্ষণ করা হয়েছে। তিনি জানান যে, তার দপ্তরে কোন বাথরুম নেই। জরুরিভিত্তিতে তার দপ্তরের জন্য একটি বাথরুম নির্মাণ করে দেওয়ার জন্য অনুরোধ করেন।	উপজেলা সমবায় বিভাগের আওতায় সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৫	উপজেলা আনসার ও ভিডিপি অধিদপ্তর	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আইন শৃঙ্খলা রক্ষার স্বার্থে বিভিন্ন স্থানে প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োগ করা হয়েছে।	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

১৬	উপজেলা পল্লী উন্নয়ন অধিদপ্তর	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কালীগঞ্জ, গাজীপুর বর্তমানে ০৯ টি প্রকল্প নিয়ে কাজ করছে।	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায়সহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৭	পল্লী বিদ্যুৎ সমিতি	ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কালীগঞ্জ উপজেলায় বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ কে অনুরোধ করা হয়।	ডি.জি.এম, পল্লী বিদ্যুৎ, কালীগঞ্জ , গাজীপুর।
১৮	উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের ঋণ প্রদান ও আদায় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন তহবিলের আওতায় নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব উপস্থাপন করেন- (১) কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে খেলাধুলা সামগ্রী বিতরণ-প্রাক্কলিত মূল্য-২,০০,০০০/-	১। উপজেলা যুব উন্নয়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। ২। নিম্নোক্ত প্রকল্প ২টি বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (১) কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে খেলাধুলা সামগ্রী বিতরণ-প্রাক্কলিত মূল্য-২,০০,০০০/-	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, গাজীপুর। ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
১৯	উপজেলা নির্বাচন অধিদপ্তর	উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় পরিচয়পত্র সংশোধনের কার্যক্রম চলমান আছে। ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২৫ এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রমের সময়সূচি প্রকাশ করা হয়েছে। কর্মসূচি অনুযায়ী আগামী ২০ জানুয়ারি ২০২৫ তারিখ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ কার্যক্রম চলবে এবং ০৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ থেকে ১১ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত নিবন্ধন কেন্দ্রে নতুন ভোটারদের (যাদের জন্ম ১ জানুয়ারি ২০০৮ তারিখের পূর্বে) নিবন্ধন কার্যক্রম চলবে। উক্ত কার্যক্রমে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	উপজেলা নির্বাচন বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
২০	জাতীয় মহিলা সংস্থা	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ শাখা, গাজীপুর সভায় জানান যে, সংস্থার নিয়মিত কার্যক্রম সেলাই ও এমব্রয়ডারী ৭ম ব্যাচের প্রশিক্ষণ বর্তমানে চলমান রয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সটি ফেব্রুয়ারি মাসে শেষ হবে। তিনি আরও জানান যে, মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমও সঠিকভাবে পরিচালিত হচ্ছে। বর্তমানে ঋণ আদায়ের হার ৯১%। এছাড়া তিন আরও জানান সংস্থা পরিচালিত তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর ২০২৪-২৫ অর্থবছরের ৫টি ট্রেডের উপর নতুন ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।	জাতীয় মহিলা সংস্থার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকতা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।	দায়িত্ব প্রাপ্ত কর্মকতা, জাতীয় মহিলা সংস্থা, কালীগঞ্জ শাখা, গাজীপুর।
২১	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অধিদপ্তর	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অসহায়, গরিব ও শীতার্ত মানুষের জন্য কম্বল পাওয়া গেছে। কম্বলগুলো বিতরণের কার্যক্রম চলমান রয়েছে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের চলমান সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।

<table>
<tr><td>২২</td><td>উপজেলা খাদ্য অধিদপ্তর</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ৬টি পয়েন্টে ওএমএস এর খাদ্য বিতরণের কার্যক্রম চলছে। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>উপজেলা খাদ্য বিভাগের সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
<tr><td>২৩</td><td>উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর</td><td>উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা) সভায় জানান যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে কালীগঞ্জ উপজেলায় উচ্চ বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসার অবকাঠামো উন্নয়নের কাজ চলমান। তিনি আরও জানান সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের ২টি প্রতিষ্ঠানের ২টি ভবনের কাজ সমাপ্ত হয়েছে, ১টি ভবনের কাজ চলমান, বে-সরকারি রাজস্ব এর আওতায় ১৪টি প্রতিষ্ঠানের মধ্যে ৭টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, ৭টি ভবনের কাজ চলমান। নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৭টি প্রতিষ্ঠানের মধ্যে ৫টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, ২টি ভবনের কাজ চলমান। নির্বাচিত মাদ্রাসা সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৩টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। নির্বাচিত বে-সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্দ্ধমূখী সম্প্রসারণ কাজ ১০টি প্রতিষ্ঠানের মধ্যে ৮টি সমাপ্ত হয়েছে, ২টির কাজ চলমান রয়েছে।</td><td>উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন চলমান শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ/উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা প্রকৌশল), কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
<tr><td>২৪</td><td>ইসলামিক ফাউন্ডেশন</td><td>ফিল্ড সুপারাভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>ইসলামিক ফাউন্ডেশনের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শনসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ।</td></tr>
<tr><td>২৫</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের ডিসেম্বর/২৪ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ বিতরণ-
<table>
<tr><td>লক্ষমাত্রা</td><td>বিতরণের লক্ষমাত্রা</td><td>বিতরণ</td></tr>
<tr><td>১৫০৩.৪০ (লক্ষ টাকা)</td><td>৭৫১.৭০ (লক্ষ টাকা)</td><td>৪৪৪.৫৭ (লক্ষ টাকা)</td></tr>
</table>
২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা
<table>
<tr><td>লক্ষমাত্রা</td><td>আদায়ের লক্ষমাত্রা</td><td>আদায়</td></tr>
<tr><td>১৪৫৯ (লক্ষ টাকা)</td><td>৭২৯.৫০ (লক্ষ টাকা)</td><td>৪১৫.৫৭ (লক্ষ টাকা)</td></tr>
</table>
এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১। পল্লী সঞ্চয় ব্যাংক, কালীগঞ্জ শাখার সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতঃ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে অনুরোধ করা হয়।
২। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কালীগঞ্জ শাখা, গাজীপুর</td></tr>
<tr><td>২৬</td><td>উপজেলা তথ্য কেন্দ্র কালীগঞ্জ, গাজীপুর।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে ডিসেম্বর/২০২৪ মাসে তথ্যকেন্দ্র এবং ডোর টু ডোর হতে ৮০০ জনকে ডাইবেটিস পরিমাপ, ব্লাড প্রেসার পরিমাপ, তথ্য কেন্দ্রের সেবাসমূহ প্রচার, আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ই-কমার্স মার্কেটপ্লেস লাল সবুজ ডট কম (www.lal sobuj. com) এর উদ্যোক্তা হিসেবে নিবন্ধিত হতে গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণসহ বিভিন্ন সেবা প্রদান করা হয়। নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষ্যে</td><td>তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়), কালীগঞ্জ, গাজীপুর এর সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করাসহ প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প, কালীগঞ্জ, গাজীপুরকে অনুরোধ করা হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কালীগঞ্জ, গাজীপুর।</td></tr>
</table>

		১টি বিশেষ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।		
২৭	বিবিধ-১	১। আপ্যায়ন ব্যয় সংক্রান্ত ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (জ) নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি জানান উক্ত নির্দেশনা মোতাবেক ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন।	১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (জ) নং অনুচ্ছেদ মোতাবেক ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের বিভিন্ন সভাসহ অন্যান্য আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার ব্যয় বিবরণী অনুমোদন- সহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-২	২। আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঝ) নং অনুচ্ছেদ অনুযায়ী সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/ নির্দেশনাবলী অনুসরণ-পূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি বাবদ মাসিক সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি জানান উক্ত নির্দেশনা মোতাবেক ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করেন এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত ব্যয় অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকলে একমত পোষণ করেন।	২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা - ২০২০ এর ৩ (ঝ) নং অনুচ্ছেদ মোতাবেক ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদের জন্য অফিস সামগ্রী ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় বিবরণী অনুমোদনসহ উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।
	বিবিধ-৩	খালাপাড়া এবিএল গার্মেন্টস ফ্যাক্টরী সংলগ্ন রাস্তায় ফ্যাক্টরী কর্তৃক সড়ক বাতি স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত সড়ক বাতি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।	খালাপাড়া ইবিএল গার্মেন্স ফ্যাক্টরী সংলগ্ন রাস্তায় উক্ত ফ্যাক্টরী কর্তৃক সড়ক বাতি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। এবিএল গার্মেন্টস ফ্যাক্টরী কর্তৃপক্ষ
	বিবিধ-৪	গত ডিসেম্বর/২৪ মাসে উপজেলার পানির পাম্পটির ক্রটি দেখা দেওয়ায় উপজেলার দপ্তরসমূহে পানি সরবরাহ বন্ধ হয়ে যায়। ফলে উপজেলার সকল অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের পানি ব্যবহারে অসুবিধায় পড়তে হয়। জরুরিভিত্তিতে পানির পাম্পটি মেরামত করা হয়। উক্ত পানির পাম্পটি মেরামতের বাবদ সর্বমোট ৬৩,০০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।	উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা - ২০২০ এর ৩ (চ) নং অনুচ্ছেদ মোতাবেক পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ পরিশোধ করা যাবে। উপজেলার পানির পাম্পটির মেরামত বাবদ প্রদত্ত ৬৩,০০০/- টাকা ব্যয়ের অনুমতি ভূতাপেক্ষভাবে প্রদানের বিষয়ে সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর। ২। উপজেলা প্রকৌশলী কালীগঞ্জ, গাজীপুর।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১/২৫

তনিমা আফ্রাদ
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
কালীগঞ্জ, গাজীপুর ।

স্মারক নং-০৫.৪১.৩৩৩৪.০০০.০১.০০৭.১৯-৫০(৪০)

তারিখ ঃ ২৯ পৌষ ১৪৩১
১৩ জানুয়ারি ২০২৫

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-
০১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২। জেলা প্রশাসক, গাজীপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
অনুলিপিঃ অবগতি ও কার্যার্থেঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। উপজেলা...অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
০২। চেয়ারম্যান/প্রশাসক.................................ইউপি (সকল), কালীগঞ্জ, গাজীপুর।
০৩। জনাব...
০৪। অফিস কপি।

১৩/১/২৫

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।

"পরিশিষ্ট-গ"

২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/বার্ষিক উন্নয়ন কর্মসূচীর এর স্কীমসমূহ

ক্রঃ নং	রাস্তার নাম	খাত	সম্ভাব্য প্রাক্কলিত মূল্য	প্রকল্প সভাপতির নাম	বাস্তবায়ন পদ্ধতি
০১	নাগরী ইউনিয়নের পানজোড়া গ্রামের মস্তফা মেম্বারের বাড়ি হতে অব্রাহাম এর বাড়ি পর্যন্ত ইটের সলিং	পরিবহন ও যোগাযোগ	৩,৬৬,৮৪৭		egp (LTM)
০২	নাগরী ইউনিয়নে উলুখোলা বাচ্চু মিয়ার বাউন্ডারি নিকটস্থ ইটের সলিং রাস্তা হতে ইসলাম ভূইয়ার বাড়ি পর্যন্ত মাটির রাস্তা ইটের সলিংকরণ।	পরিবহন ও যোগাযোগ	৪,৫০,৭৯১		egp (LTM)
০৩	নাগরী ইউনিয়নে টাহরদিয়া পাকা রাস্তা হতে রহিম মিয়ার বাড়ি হয়ে মজিবুরের বাড়ি পর্যন্ত রাস্তা ঢালাই করণ।	পরিবহন ও যোগাযোগ	৬,৩৬,৫৬৬		egp (LTM)
০৪	বাহাদুরসাদী ইউনিয়নে বাশাইর গ্রামের ফরিদের বাড়ি হইতে মহর আলীর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করন।	পরিবহন ও যোগাযোগ	১৯,৩৪,৩২১		egp (LTM)
০৫	বাহাদুরসাদী ইউনিয়নে ঈশ্বরপুর ভূইয়া পাড়া কেন্দ্রীয় জামে মসজিদ হতে ডাকাত পাড়া হযরতের বাড়ি পর্যন্ত সিসি দ্বারা নির্মান।	পরিবহন ও যোগাযোগ	২৩,২৯,৮৫৭		egp (LTM)
০৬	তুমলিয়া ইউনিয়নে বর্তুল জাইনউদ্দিনের বাড়ির নিকট হতে কবরস্থান হয়ে বর্তুল পাকা রাস্তা পর্যন্ত রাস্তা আরসিসি ঢালাই দ্বারা উন্নয়ন।	পরিবহন ও যোগাযোগ	৯,০৫,৭৯২		egp (LTM)
০৭	তুমলিয়া ইউনিয়নে বাড়িয়াখালী হাসেমের দোকান হতে বাড়িয়াখালী আব্দুল বাছেদ মিয়ার বাচ্চু বাড়ির পর্যন্ত রাস্তা সংস্কার ও কার্পেটিং দ্বারা উন্নয়ন।	পরিবহন ও যোগাযোগ	১৬,৯৪,০৩৯		egp (LTM)
০৮	তুমলিয়া ইউনিয়নে টঙ্গী ঘোড়াশাল মেইন রোড হইতে হুমায়ুন মাস্টারের বাড়ী হয়ে চুয়ারীখোলা হিন্দু সমবায় সমিতির অফিস পর্যন্ত কার্পেটিংকরণ।	পরিবহন ও যোগাযোগ	৪৯,৭৬,২৩৪		egp (LTM)
০৯	জাঙ্গালীয়া ইউনিয়নে ছাতিয়ানী রয়েন সংযোগ সড়ক হতে উত্তর দিকে বীর মুক্তিযোদ্ধা আকরাম খানের বাড়ী হইয়া নাছির খানের বাড়ী পর্যন্ত রাস্তা ব্রিক সলিং করণ।	পরিবহন ও যোগাযোগ	৮,৬০,২৮৮		egp (LTM)
১০	জাঙ্গালীয়া ইউনিয়নে নরুন ছাহাদ আলী বাড়ী সংলগ্ন ইটের সলিং হইতে আব্দুল হাইয়ের বাড়ী হইয়া কামাল উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ।	পরিবহন ও যোগাযোগ	১৪,৩০,৫০৬		egp (LTM)
১১	জামালপুর ইউনিয়নে ছৈলাদী পশ্চিমপাড়া ওয়াকফা পুকুরের পাড় হয়ে বাবলু শেখের বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ।	পরিবহন ও যোগাযোগ	২৭,৯৩,২৮২		egp (LTM)
১২	বক্তারপুর ইউনিয়নে উত্তর রাজনগর মার্টিন গমেজের বাড়ির পার্শ্ব হইতে অতুল গমেজের বাড়ীর পশ্চিম পার্শ্ব পর্যন্ত রাস্তার দক্ষিণ পার্শ্ব আরসিসি গাইড ওয়াল নির্মাণ। (দৈর্ঘ্য-১৩৬মি.)	পরিবহন ও যোগাযোগ	৭০,০০,০০০		egp (LTM)
১৩	বক্তারপুর ইউনিয়নে ভাটিরা মাঝি পাড়া জামে মসজিদ রাস্তা সিসি করণ।	পরিবহন ও যোগাযোগ	১৩,৯৪,৯২২		egp (LTM)
১৪	মোক্তারপুর ইউনিয়নে কালিহাসি টু তারাগঞ্জ মেইন সড়ক হইতে সুলতানের বাড়ী হয়ে নাজমুল মেম্বারের বাড়ী পর্যন্ত মাটির রাস্তা ঢালাই করণ। ওয়ার্ড নং-০৯	পরিবহন ও যোগাযোগ	৫০,০০,০০০		egp (LTM)
১৫	বক্তারপুর ইউনিয়নের স্বপন মিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিবাবকদের জন্য কক্ষ নির্মাণ।	শিক্ষা	৫,০০,০০০		LTM
১৬	মোক্তারপুর ইউনিয়নের একুতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকদের জন্য কক্ষ নির্মাণ।	শিক্ষা	৫,০০,০০০		LTM
১৭	জামালপুর ইউনিয়নে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ।	শিক্ষা	২,০০,০০০		PIC
১৮	মোক্তারপুর ইউনিয়নে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ।	শিক্ষা	২,০০,০০০		PIC
১৯	বাহাদুরসাদি ইউনিয়নের খলাপাড়া দারুল উলুম দাখিল মাদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ।	স্বাস্থ্য ও সমাজ কল্যান	১০,০০,০০০		egp (LTM)
২০	তুমলিয়া ইউনিয়নের সোম-মোজাদ্দেদিয়া দাখিল মদ্রাসার ওয়াশ ব্লক নির্মাণ।	স্বাস্থ্য ও সমাজ কল্যান	১০,০০,০০০		egp (LTM)
২১	জাংগালীয়া ইউনিয়নের ভার্মি কম্পোষ্ট উৎপাদন প্রকল্প।	কৃষি ও সেচ	২,০০,০০০		PIC

২২	নাগরী ইউনিয়নে বিষমুক্ত নিরাপদ সবজি উৎপাদন প্রকল্প।	কৃষি ও সেচ	২,০০,০০০		PIC
২৩	কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে খেলাধূলা সামগ্রী ক্রয়, বিতরণ।	যুব, ক্রীড়া ও সংস্কৃতি	২,০০,০০০		PIC
২৪	শিশুমেলা আইডিয়াল স্কুল মেরামত।	শিক্ষা	২,০০,০০০		PIC
২৫	উপজেলা পরিষদের অভ্যন্তরে সড়ক বাতি স্থাপন প্রকল্প।	বিবিধ	২,০০,০০০		PIC
	সর্বমোট		৩,৬১,৭৩,৪৪৫/-		

Afroz ১৩.১.২৫

তনিমা আফ্রাদ
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি
কালীগঞ্জ, গাজীপুর।